



**প্রাথমিক শিক্ষকদের
কর্তব্য পালনে উদ্বুদ্ধ
হতে হবে**

—অধ্যাপক আযাদ

বাংলাদেশের লাখ লাখ প্রাথমিক শিক্ষকের জীবন মানোয়নের ও সমগ্র জাতির অস্তিত্ব রক্ষার লক্ষ্যে আহুত পাকশী মহাসমাবেশকে সফল করার জন্য গোয়ালন্দ উপজেলা প্রাথমিক শিক্ষক সমিতির সভাপতি জনাব আহসান উল্লাহ শেষ পূঃ ২-এর কঃ দেখুন

অধ্যাপক আযাদ

প্রথম পৃষ্ঠার পর
চৌধুরী জীবনদান করেছেন, তা কখনো বৃথা যাবে না। কোন ত্যাগই বৃথা যাবে না। গত ২২ ডিসেম্বর আহসান উল্লাহ চৌধুরীর স্মরণে শোকসভায় বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক আবুল কালাম আযাদ উপরোক্ত মন্তব্য করেন।

জনাব আহসান উল্লাহ গত ২৭ ডিসেম্বর পাকশী মহাসমাবেশের প্রস্তুতিকালে বাসের নীচে চাপা পড়ে মারা গেছেন। প্রেসিডেন্ট তার পরিবারকে দু' লাখ টাকা সাহায্য ঘোষণা করেন ও দু' লাখ টাকার চেক রাজবাড়ী জেলা প্রশাসকের নিকট প্রেরণ করেন। আজো জেলা প্রশাসক উক্ত টাকা আহসান উল্লাহ চৌধুরীর পরিবারের নিকট হস্তান্তর করেননি।

অধ্যাপক আযাদ বলেন, বর্তমানে বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতির সংগ্রামের দু'টি ধারা রয়েছে। প্রথমতঃ এদেশের প্রাথমিক শিক্ষক সমাজ দীর্ঘ সংগ্রামের মাধ্যমে যে সব অধিকার আদায় করেছে তা রক্ষা করা। দ্বিতীয়তঃ জাতির ভবিষ্যৎ কোটি কোটি শিশুকে নিরক্ষতার অন্ধকার থেকে মুক্ত করার লক্ষ্যে প্রাথমিক শিক্ষকদের কর্তব্য পালনে উদ্বুদ্ধ করা। অধ্যাপক আযাদ এ দু'টি সংগ্রামে সমভাবে অংশগ্রহণে প্রতিজ্ঞা গ্রহণের জন্য উপস্থিত শিক্ষকদের আহবান জানান। সংবাদ বিজ্ঞপ্তি।